

🗏 আল-ইনসান (আদ-দাহর) | Al-Insan | ٱلْإِنْسَان

আয়াতঃ ৭৬: ১৮

💵 আরবি মূল আয়াত:

عَينًا فِيهَا تُسَمّٰى سَلسَبِيلًا ﴿١٨﴾

△ □ অনুবাদসমূহ:

সেখানকার এক ঝর্ণা যার নাম হবে সালসাবীল। — আল-বায়ান সেখানে আছে একটা ঝর্ণা, যার নাম সালসাবীল। — তাইসিরুল জান্নাতের এমন এক প্রসবণের যার নাম সালসাবীল। — মুজিবুর রহমান

[From] a fountain within Paradise named Salsabeel. — Sahih International

১৮. জান্নাতের এমন এক প্রস্রবণের, যার নাম হবে সালসাবীল।(১)

(১) অর্থাৎ তা হবে একটা প্রাকৃতিক ঝর্ণাধারা যার নাম হবে 'সালসাবীল'। এক হাদীসে এসেছে, জনৈক ইয়াছদী রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করল, যখন এ যমীন ও আসমান অন্য কোন যমীন ও আসমান দিয়ে পরিবর্তিত হবে তখন মানুষ কোথায় থাকবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বললেন, তারা পুলসিরাতের নিকটে অন্ধকারে থাকবে। ইয়াছদী আবার বলল, কারা সর্বপ্রথম পার হবে? রাসূল বললেন, দরিদ্র মুহাজিরগণ। ইয়াছদী বলল, জায়াতে প্রবেশের সময় তাদের উপটোকন কি? রাসূল বললেন, মাছের পেটের কলিজা, ইয়াছদী বলল, এরপর কি খাওয়ানো হবে? রাসূল বললেন, জায়াতের একটি য়াঁড় তাদের জন্য জবাই করা হবে তারা তার অংশ থেকে খাবে। ইয়াছদী বলল, তাদের পানীয় কি হবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বললেন, একটি ঝর্ণাধারা থেকে যার নাম হবে সালসাবীল। মুসলিম: ৩১৫]

তাফসীরে জাকারিয়া

- (১৮) জান্নাতের এমন এক ঝরণার, যার নাম 'সালসাবীল'। [1]
 - [1] অর্থাৎ, এমন শুঁঠ মিশ্রিত শারাবেরও ঝর্ণা হবে, যার নাম হবে 'সালসাবীল'।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5609

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন